দৈনিক ইনকিলাব
MAR 10 2001
তারিখ
পৃষ্ঠা ৮

# ঈদের আনন্দ থেকে ৩ লক্ষাধিক শিক্ষক-কর্মচারী বঞ্চিত হওয়ায় শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবী

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া, আহ্বায়কদ্বয় শেখ আমানুল্লাহ, মাওলানা এমএ লতিফ, যুগ্ম-আহ্বায়কবৃন্দ অধ্যক্ষ মাজহারুল হান্নান, শফিকুল আলম এক যুক্ত বিবৃতিতে বলেন, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা অধিদপ্তর ও ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের খামখেয়ালীর জন্য প্রায় ৩ লক্ষাধিক শিক্ষক-কর্মচারী পরিবার-পরিজন নিয়ে ঈদের আনন্দ থেকে বঞ্চিত হয়েছেন। ঈদের পূর্বে শিক্ষক

পর্যন্ত নিহতের পরিচয় জানা যায়নি।

## শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবী

৮-এর পৃষ্ঠার পর

কর্মচারীরা ফেব্রুয়ারী মাসের বেতন-ভাতা না পাওয়ায় শিক্ষামন্ত্রী যে ব্যর্থতার পরিচয় দিয়েছেন সেজন্য এই মুহূর্তে শিক্ষামন্ত্রীর পদত্যাগ করা উচিত বলে নেতৃবৃন্দ দাবী করেন। জোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া স্বাক্ষরিত এক বিবৃতিতে আগামী ১৬ এপ্রিল ঢাকায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের মহা অবস্থান ধর্মঘটকে সফল করার জন্য দলমত নির্বিশেষে সকল শিক্ষক-কর্মচারীকে আহ্বান জানান।

**বাংলাদেশ শিক্ষক সমিতি**

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ, মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া, প্রেসিডিয়াম সদস্য কাজী আবদুর রাজ্জাক, এসএম আঃ জলিল (খুলনা), মুহিবুর রহমান চৌধুরী, নূরুল ইসলাম (চট্টগ্রাম), কাজী মুজিবুর রহমান (বরিশাল) প্রমুখ এক যুক্ত বিবৃতিতে ঈদের পূর্বে প্রায় ৩ লক্ষাধিক শিক্ষক-কর্মচারীকে ফেব্রুয়ারী মাসের বেতন প্রদান করতে ব্যর্থ হওয়ায় শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবী করেছেন। বিবৃতিতে বলা হয়, সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী গত ৪ মার্চ শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারী মাসের বেতন প্রদানের সর্বশেষ তারিখ ছিল। শিক্ষকগণ বেতন তোলার জন্য ব্যাংকে গেলে অধিকাংশ ক্ষেত্রে ব্যাংক কর্মচারীরা তাদের সাথে দুর্ব্যবহার করেন। কুমিল্লার হোমনা জনতা ব্যাংকের শাখায় কর্মকর্তা-কর্মচারীরা শিক্ষক-কর্মচারীদের সাথে ঠাট্টা-তামাশা করেছেন। সেখানে কোন টাকা প্রদান করা হয়নি। বেসরকরী প্রাথমিক শিক্ষকদেরও ঈদের পূর্বে বেতন প্রদান না করায় বিবৃতিতে নিন্দা করা হয়।